

আপনার সদস্য হ্যান্ডবুক পরিবর্তন করে অতিরিক্ত পরিষেবাগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে

1 জানুয়ারী, 2025 থেকে, আপনি একটি আঞ্চলিক সোশ্যাল কেয়ার নেটওয়ার্ক (Social Care Network, SCN) এর মাধ্যমে আপনার কমিউনিটির প্রতিষ্ঠানগুলির সাথে সংযোগ স্থাপন করতে পারেন যারা আপনাকে বিনা খরচে আবাসন, পরিবহন এবং যত্ন ব্যবস্থাপনায় সহায়তা করার জন্য পরিষেবা প্রদান করে।

- এই SCN-এর মাধ্যমে, আপনি একজন সোশ্যাল কেয়ার নেভিগেটরের সাথে দেখা করতে পারবেন যিনি আপনার স্বাস্থ্য এবং সুস্থতায় সহায়তা করতে পারে এমন পরিষেবাগুলির জন্য আপনার যোগ্যতা পরীক্ষা করতে পারেন। কোথায় আপনার কিছু অতিরিক্ত সহায়তার প্রয়োজন হতে পারে তা দেখার জন্য তারা আপনাকে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করবে।
- আপনি যদি পরিষেবাগুলির জন্য যোগ্য হন, তাহলে আপনার প্রয়োজনীয় সহায়তা পাওয়ার ক্ষেত্রে সোশ্যাল কেয়ার নেভিগেটর আপনার সাথে কাজ করতে পারে। আপনার পরিস্থিতির উপর নির্ভর করে আপনি একাধিক পরিষেবার জন্য যোগ্য হতে পারেন। এই পরিষেবাগুলিতে অন্তর্ভুক্ত থাকতে পারে:
 - আবাসন এবং ইউটিলিটি সহায়তা:
 - আপনার বাড়িকে সহজলভ্য ও নিরাপদ করতে র‍্যাম্প, হ্যান্ডরেল এবং গ্র্যাব বারের মতো ঘরোয়া পরিবর্তনগুলি ইনস্টল করা।
 - আপনার বাড়িতে চিতি বাড়তে না দেওয়ার জন্য জলের ফুটো মেরামত এবং ঠিক করা।
 - আপনার বাড়িতে কীটপতঙ্গ প্রবেশ করতে বাধা দিতে গর্ত এবং ফাটল সিল করা।
 - আপনার বাড়িতে বায়ুচলাচল উন্নত করতে সাহায্য করার জন্য একটি এয়ার কন্ডিশনার, হিটার, হিউমিডিফায়ার বা ডিহিউমিডিফায়ার সরবরাহ করা।
 - কমিউনিটিতে নিরাপদ এবং স্থিতিশীল আবাসনের জন্য আপনাকে খুঁজে পেতে এবং আবেদন করতে সাহায্য করা।
 - পরিবহন সেবা:
 - SCN দ্বারা অনুমোদিত জায়গাগুলিতে সরকারী বা বেসরকারী পরিবহনে প্রবেশাধিকারের জন্য আপনাকে সহায়তা করা যেমনঃ চাকরির সাক্ষাৎকার, প্যারেন্টিং ক্লাস, উচ্ছেদ রোধ করার জন্য আবাসন আদালত এবং গুরুত্বপূর্ণ নথি পাওয়ার জন্য শহর বা স্টেট ডিপার্টমেন্টগুলোর অফিসে যাওয়া।

আপনার কেয়ার টিম
1-866-867-6555 (TTY:711)
সোমবার - শুক্রবার, সকাল 9টা - বিকাল 5টা

- যত্ন ব্যবস্থাপনা পরিষেবা:
 - চাকরি বা চাকরির প্রশিক্ষণ কর্মসূচি খুঁজে বের করা, জনসাধারণের সুবিধার জন্য আবেদন করা, আপনার আর্থিক ব্যবস্থাপনা এবং আরও অনেক কিছুতে সহায়তা পাওয়া।
 - চাইল্ড কেয়ার, কাউন্সেলিং, ক্রাইসিস ইন্টারভেনশন, হেলথ হোমস প্রোগ্রাম এবং আরও অনেক কিছুর সাথে যুক্ত হওয়া।

আপনি যদি আগ্রহী হন, অনুগ্রহ করে আপনার কেয়ার টিমকে 1-866-867-6555 (TTY: 711) নম্বরে ফোন করুন এবং আমরা আপনাকে আপনার এলাকার একটি SCN-এর সাথে সংযুক্ত করব। সোশ্যাল কেয়ার নেভিগেটর আপনার যোগ্যতা যাচাই করবে, আপনাকে এই পরিষেবাগুলি সম্পর্কে আরও বলবে এবং আপনাকে সেগুলির সাথে সংযুক্ত হতে সহায়তা করবে।